

২০২৬

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — মাইনর

পত্র : MN-4

(বাংলা সাহিত্য : প্রবেশক পাঠ)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'সব লোকে কয় লালন কি জাত সংসারে' — এই গানে লালন ফকির জাতপাত, ধর্ম-বিভেদের যে অন্তঃসারশূন্যতার কথা বলেছেন, তার পরিচয় দাও। ১৫

অথবা

- (খ) 'বঙ্গভাষা' ("হে বঙ্গ, ভাঙারে তব বিবিধ রতন") — কবিতায় মধুসূদন দত্তের বাংলা ভাষার প্রতি যে গভীর অনুরাগ প্রকাশিত হয়েছে, তা আলোচনা করো। ১৫

- ২। (ক) রবীন্দ্রনাথ ঠাকুরের 'শান্তি' গল্পের চন্দ্রা চরিত্রটি আলোচনা করো। ১৫

অথবা

- (খ) 'চরণদাস এম.এল.এ.' গল্পে রাজনৈতিক নেতার যে চিত্র আঁকা হয়েছে, তা বিশদে ব্যাখ্যা করো। ১৫

- ৩। (ক) প্রহসন হিসাবে 'একেই কি বলে সভ্যতা?' নাটকের সার্থকতা বিচার করো। ১৫

অথবা

- (খ) 'একেই কি বলে সভ্যতা?' নাটকে নব(কুমার) চরিত্রটি আলোচনা করো। ১৫

- ৪। (ক) "কেবল আসার আশা, ভবে আসা, আসামাত্র হলো।" — প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো। ৫

অথবা

- (খ) নজরুল ইসলামের 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতার মূল বক্তব্য সংক্ষেপে লেখো। ৫

- ৫। (ক) 'আদাব' শব্দের অর্থ কী? 'আদাব' গল্পের মধ্যে কীভাবে তা প্রকাশিত হয়েছে — সংক্ষেপে বুঝিয়ে দাও। ১+৪

অথবা

- (খ) 'অভাগীর স্বর্গ' গল্পের নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

Please Turn Over

(5951)

৬। (ক) 'একেই কি বলে সভ্যতা?' নাটকে 'কর্তা মহাশয়'-এর চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

৫

অথবা

(খ) 'একেই কি বলে সভ্যতা?' নাটকে 'জ্ঞানতরঙ্গিণী সভা'র উদ্দেশ্য কী ছিল তা লেখো।

৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) "লুই ভগ্নই গুরু পুচ্ছিঅ জাগ"— 'ভগ্নই' এবং 'পুচ্ছিঅ' শব্দের অর্থ লেখো।
- (খ) 'বাবরের প্রার্থনা' কবিতায় বাবর কার জন্যে প্রার্থনা করেছিল?
- (গ) 'সই কেবা গুনাইল শ্যাম নাম'— এটি কোন্ পর্যায়ে পদ?
- (ঘ) ফাঁসির আগে কে চন্দ্রাকে দেখতে চেয়েছিল?
- (ঙ) 'হারানের নাতজামাই' গল্পে জোতদারের নাম কী ছিল?
- (চ) 'ইয়েমিয়েলিয়ে' এবং 'মায়লে-জী' শব্দ দু'টি কোন শব্দের পরিবর্তিত রূপ?
- (ছ) 'একেই কি বলে সভ্যতা?' নাটকের তিনটি নারী চরিত্রের নাম লেখো।
- (জ) 'একেই কি বলে সভ্যতা?' নাটকের প্রকাশ সাল কত?
- (ঝ) 'একেই কি বলে সভ্যতা?' নাটকটি কটি অঙ্কে বিভক্ত?
- (ঞ) "তিনি তো মানুষ নন, তিনি যে দেবতা, তিনি যে ভগবান।"— এখানে কার কথা বলা হয়েছে?
- (ট) "এই ঘণ্টা দুয়েকের অভিজ্ঞতায় সংসারে সে যেন একেবারে বুড়া হইয়া গিয়াছিল।"— কার সম্বন্ধে বলা হয়েছে?
- (ঠ) "দিন দিন শশিকলার ন্যায় বাড়িতে লাগিল"— এখানে কার বেড়ে ওঠার কথা বলা হয়েছে?
- (ড) 'চরণদাস এম.এল.এ' গল্পে 'ভোটারী' কাদের বলা হয়েছে?
- (ঢ) "...এ ভরা বাদর মাহ ভাদর"— এখানে 'মাহ' ও 'ভাদর' শব্দ দুটির অর্থ লেখো।
- (ণ) চর্যাপদের প্রথম পদটির রচয়িতা কে?